



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
(বেসরকারি মাধ্যমিক-৩)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

১৯ ডান্ড, ১৪২৭

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০৭.২০১৮(খন্দ-১).১২৭

তারিখ : ০৩ সেপ্টেম্বর, ২০২০

বিষয় : শিক্ষক-কর্মচারীগণের এম.পি.ও. ভুক্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি ও অগ্রগামীকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এম.পি.ও. ভুক্তি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত ও যোগ্য শিক্ষক-কর্মচারীগণের MPO (Monthly Pay Order) তাঁদের জীবন-জীবিকা ও শিক্ষার্থীদের পাঠদানে মনোনিবেশের সাথে ও তপ্রোতভাবে সম্পৃক্ত। কিন্তু কোনো কোনো উপজেলা/থানা/জেলা/অঞ্চল থেকে এম.পি.ও'র সাথে সংশ্লিষ্ট নয় এমন কাগজপত্র চেয়ে অথবা যৌক্তিক কারণ ব্যতিরেকে শিক্ষক-কর্মচারীদের অনলাইনে দাখিলকৃত এম.পি.ও. ফাইল অগ্রগামী/নিষ্পত্তিতে দীর্ঘসূত্রিতা পরিলক্ষিত হচ্ছে যা কাম্য নয়। তৎপ্রেক্ষিতে, অনলাইনে দাখিলকৃত শিক্ষক-কর্মচারীগণের এম.পি.ও. ভুক্তির আবেদন অগ্রগামী/নিষ্পত্তি করতে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করার জন্য বলা হলো :

২. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার/উপ-পরিচালক/পরিচালক বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত ও যোগ্য শিক্ষক-কর্মচারীদের অনলাইনে এম.পি.ও.ভুক্তির আবেদন মিজ নিজ পর্যায় থেকে সর্বোচ ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে তাঁর উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অগ্রগামী করবেন। অনলাইনে প্রাপ্ত আবেদন যথাসময়ে নিষ্পত্তি/অগ্রগামী করা সম্ভব না হলে তাঁর সুনির্দিষ্ট/যৌক্তিক কারণ থাকতে হবে এবং তা ব্যাখ্যা করতে হবে।

৩. যৌক্তিক কারণ ছাড়া এম.পি.ও. ভুক্তির আবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি/অগ্রগামী না করে অনৈতিকভাবে সম্পৃক্ত হয়ে দীর্ঘসূত্রিতার প্রমাণ পেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার/উপ-পরিচালক/পরিচালক এর বিরুক্তে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪. এম.পি.ও সংক্রান্ত ম্যানেজিং কমিটির/পরিচালনা কমিটির সভা আহবান, রেজুলেশন লেখা/স্বাক্ষর এবং নিয়োগ সংক্রান্ত কাজে সভাপতি অনৈতিকভাবে সম্পৃক্ত থাকলে এবং দীর্ঘসূত্রিতার প্রমাণ পেলে তাঁকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতি/পরিচালনা কমিটির সভাপতির পদ থেকে অব্যাহতিসহ সভাপতির পদ শূন্য ঘোষণা করা হবে এবং বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ আমিনুর রহমান আমিন)  
অতিরিক্ত সচিব  
ফোন: ৯৫৪০৯০৮

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/কার্যালয়ে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. কমিশনার, ----- বিভাগ (সকল)।
২. জেলা প্রশাসক, ----- (সকল)।
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ----- (সকল)।
৪. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- অঞ্চল (সকল)।
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- অঞ্চল (সকল)।
১০. উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল)।
১১. জেলা শিক্ষা অফিসার, ----- (সকল)।
১২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ----- (সকল)।
১৩. অফিস কপি।